

# বেলুন ফোলানো

Sudha Ojha



সানুর একটি হলুদ বেলুন আছে। হলুদ বেলুনটি ছোট। সানু হলুদ বেলুনটি ফোলায়।



হলুদ বেলুনটি ফিটুস করে ফেটে যায়। এতে পার্টির সবাই ভয় পেয়ে যায়।



রানুর একটি নীল বেলুন আছে। নীল বেলুনটি একটু বড়। রানু নীল বেলুনটি ফোলায়।



নীল বেলুনটি পটাশ শব্দ করে ফেটে যায়। এতে পার্টির সবাই ভয় পেয়ে যায়।



ভানুর একটি সবুজ বেলুন আছে। সবুজ বেলুনটি বেশ বড়। ভানু সবুজ বেলুনটি ফোলায়।



সবুজ বেলুনটি বিকট শব্দ করে ফেটে যায়। এতে পার্টির সবাই ভয় পেয়ে যায়।



মায়ের একটি লাল বেলুন আছে। লাল বেলুনটি সবচেয়ে বড়। মা লাল বেলুনটি ফোলায়।



লাল বেলুনটি তীব্র শব্দে বিস্ফোরিত হয়। কিন্তু এবার পার্টির কেউ ভয় পায় না। কারণ কী বলতে পারো?



লাল বেলুনটি চকমকে তারা ও রঙিন জরিতে ভরা। চকমকে তারা ও রঙিন জরি সবদিকে ছড়িয়ে পড়ে।



সকলেই উত্তেজিত। সবাই হাততালি দিয়ে। আজ যে সানুর জন্মদিন। শুভ জন্মদিন, সানু!

Brought to you by

The Asia Foundation

Let's Read! is an initiative of The Asia Foundation's Books for Asia program that fosters young readers in Asia. booksforasia.org To read more books like this and get further information, visit letsreadasia.org .
Original Story ###### ###### #####, author: #### ### . illustrator: ###### #####. Published by The Asia Foundation, https://www.letsreadasia.org © The Asia Foundation. Released under CC BY-NC 4.0.
This work is a modified version of the original story. © The Asia Foundation, 2018. Some rights reserved. Released under CC BY-NC 4.0.

For full terms of use and attribution,
http://creativecommons.org/licenses/by-nc/4.0/